দৈনিক ইনকিলাব

JAN. 23

# জাতীয় সংসদে প্রদত্ত শিক্ষামন্ত্রীর বক্তব্য অসত্য

## —শিক্ষক কর্মচারী ঐক্যজোট

প্রেস বিজ্ঞপ্তি ঃ শিক্ষক কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম ও সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া জাতীয় সংসদে শিক্ষামন্ত্রীর অসত্য বক্তব্যের তীব্র প্রতিবাদ জানিয়েছেন। জাতীয় সংসদ সদস্য আঃ লতিফ মির্জার এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী শিক্ষক সমিতির দাবীর প্রেক্ষিতে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষকদের এমপিওভুক্ত করা হয়নি বলে যে বিবৃতি দিয়েছেন তা অসত্য ও বিভ্রান্তিকর। নেতৃবৃন্দ বলেন, কোন শিক্ষক সমিতি নিয়োগপ্রাপ্ত ৩য় বিভাগধারী শিক্ষকদের বাদ দেয়ার এবং তাদের পদোন্নতি বন্ধ করার দাবী জানিয়েছেন তা এদেশের শিক্ষক সমাজ এবং সচেতন মহল জানতে চান। নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্ত না করার পিছনে কোন মহলের ষড়যন্ত্র শিক্ষক সমাজ বরদাশত করবে না। নেতৃবৃন্দ বলেন, এমপিওভুক্তির প্রায় ৩০ হাজার এবং অনুমোদনপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ৩০ হাজার সর্বমোট ৬০ হাজার শিক্ষক পরিবার মানবেতর জীবন যাপন করছে। তাছাড়া বিএড, এমএড, বিপিএড ডিগ্রী লাভ করে শিক্ষকতা পেশায় নিয়োগ লাভের অপেক্ষায় লক্ষাধিক প্রার্থী দুশ্চিন্তায় দিন